(বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশিতব্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ভোলা ট্যাংক রোড, যশোর
**www.jessorecustoms.gov.bd**

নথি নং-২য়/২২(১৭)ইটি/অফিস আদেশ/২০১১(অংশ-১)/১৫/ ৩৪২(১) তারিখঃ ১৫/৭/২০১৮

## প্রজ্ঞাপন

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আদেশ নং-০৮.০৩৩.০২১.০১.০০.০৩৫.২০০৯(অংশ-১)/৫৪০, তাং ২৫/০৮/২০১১ খ্রিঃ মোতাবেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এর সমগ্র অধিক্ষেত্রকে ০১ (এক) টি সদর দপ্তর, ১০ (দশ) টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর, ২০ (বিশ) টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল অফিস, ০২ (দুই) টি শুল্ক স্টেশনে বিভক্ত করা হয়েছে। এছাড়া ০৯ (নয়) টি শুল্ক করিডোর ও ০৪ (চার) টি শুল্ক গুদাম রয়েছে যা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর/সার্কেল অফিস কর্তৃক নিয়ন্ত্রিত হবে। এতদসংশ্লিষ্ট বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-১(১২)শুঃভঃপ্রঃ-২/২০০৮(অংশ)৪৪৯, তাং-১৪/১২/২০১১ খ্রিঃ মোতাবেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এর নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল এর সীমানা নির্ধারণপূর্বক প্রজ্ঞাপন জারীর নির্দেশনা প্রদান করা হয় এবং তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিধি-বিধান পরিপালনপূর্বক অত্র কমিশনারেট এর কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, শুল্ক স্টেশন এবং সার্কেল অফিসমূহের সীমানা ও অধিক্ষেত্রভুক্ত এলাকা নির্ধারনপূর্বক এ দপ্তরের প্রজ্ঞাপন নং-২য়/৪(১)ইটি/লোকবল/২০০৬/৫৭৫ তারিখ ২১/১২/১১ জারী হয়। করদাতার সংখ্যা, রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় পরিস্থিতি, যাতায়াত ব্যবস্থা ও ভৌগলিক অবস্থান পর্যালোচনা করে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত প্রশাসনিক ইউনিটসমূহের সীমানা ও অধিক্ষেত্র নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হলো। যথাঃ-

| ক্রমিক নং | বিভাগের নাম | সার্কেল/প্রশাসনিক ইউনিট | সার্কেলের সীমানা ও চোহদ্দী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | যশোর বিভাগ | যশোর সার্কেল-১ | যশোর সদর উপজেলা, বাঘারপাড়া উপজেলা, চৌগাছা উপজেলা ও মনিরামপুর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | যশোর সার্কেল-২ | অভয়নগর উপজেলা, কেশবপুর উপজেলা, শার্শা উপজেলা ও ঝিকরগাছা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ২. | নড়াইল বিভাগ | নড়াইল সার্কেল-১ | নড়াইল সদর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | নড়াইল সার্কেল-২ | লোহাগড়া ও কালিয়া উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৩. | ঝিনাইদহ বিভাগ | ঝিনাইদহ সার্কেল-১ | ঝিনাইদহ সদর উপজেলা, শৈলকুপা উপজেলা, হরিণাকুন্ডু উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | ঝিনাইদহ সার্কেল-২ | কালীগঞ্জ উপজেলা, কোটচাঁদপুর উপজেলা ও মহেশপুর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৪. | মাগুরা বিভাগ | মাগুরা সার্কেল-১ | শ্রীপুর উপজেলা এবং মাগুরা সদর ও শালিখা উপজেলাধীন ঢাকা-যশোর মহাসড়কের কামারখালী ব্রিজ হতে ভায়না মোড় হয়ে সীমাখালী পর্যন্ত রাস্তার উত্তর ও পশ্চিম পার্শ্বের সমগ্র এলাকা | |
| | | মাগুরা সার্কেল-২ | মহম্মদপুর উপজেলা এবং মাগুরা সদর ও শালিখা উপজেলাধীন ঢাকা-যশোর মহাসড়কের কামারখালী ব্রিজ হতে ভায়না মোড় হয়ে সীমাখালী পর্যন্ত রাস্তার দক্ষিণ ও পূর্ব পার্শ্বের সমগ্র এলাকা | |
| ৫. | ফরিদপুর বিভাগ | ফরিদপুর সার্কেল-১ | ফরিদপুর সদর উপজেলার (কুমারখালী নদীর পূর্বাংশ) ও নগরকান্দা উপজেলা, শালথা উপজেলা, ভাঙ্গা উপজেলা, সদরপুর উপজেলা ও চর ভদ্রাসন উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ফরিদপুর সার্কেল-২ | ফরিদপুর সদর উপজেলার (কুমারখালী নদীর পশ্চিমাংশ) এবং মধুখালী উপজেলা, বোয়ালমারী উপজেলা ও আলফাডাঙ্গা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৬. | গোপালগঞ্জ বিভাগ | গোপালগঞ্জসার্কেল-১ | গোপালগঞ্জ সদর উপজেলাধীন বঙ্গবন্ধু সড়ক এর পশ্চিমাংশে সমগ্র এলাকা, মুকসুদপুর উপজেলা ও কাশিয়ানী উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | গোপালগঞ্জসার্কেল-২ | গোপালগঞ্জ সদর উপজেলাধীন বঙ্গবন্ধু সড়ক এর পূর্বাংশের সমগ্র এলাকা, টুঙ্গিপাড়া উপজেলা এবং কোটালীপাড়া উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৭. | রাজবাড়ী বিভাগ | রাজবাড়ী সার্কেল-১ | রাজবাড়ী সদর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকার বসন্তপুর, গোয়ালন্দ মোড়, আলাদিপুর, শ্রীপুর হয়ে বড়পুল থেকে বাজার রোড হয়ে গোদারহাট পর্যন্ত প্রধান সড়কের পূর্বাংশ এবং গোয়ালন্দ ও কালুখালী উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | রাজবাড়ী সার্কেল-২ | রাজবাড়ী সদর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকার বসন্তপুর, গোয়ালন্দ মোড়, আলাদিপুর, শ্রীপুর হয়ে বড়পুল থেকে বাজার রোড হয়ে গোদারহাট পর্যন্ত প্রধান সড়কের পশ্চিমাংশ এবং বালিয়াকান্দি ও পাংশা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৮. | কুষ্টিয়া বিভাগ | কুষ্টিয়া সার্কেল-১ | কুষ্টিয়া সদর উপজেলা, কুমারখালী উপজেলা ও খোকসা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | কুষ্টিয়া সার্কেল-২ | ভেড়ামারা সদর উপজেলা, মিরপুর উপজেলা ও দৌলতপুর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ৯. | চুয়াডাঙ্গা বিভাগ | চুয়াডাঙ্গা সার্কেল-১ | চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা (দর্শনা শুল্ক স্টেশন ব্যতীত) | |
| | | চুয়াডাঙ্গা সার্কেল-২ | জীবননগর ও দামুড়হুদা উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা (দৌলতগঞ্জ এলসি স্টেশন ব্যতীত) | |
| ১০. | মেহেরপুরবিভাগ | মেহেরপুর সার্কেল-১ | মেহেরপুর সদর উপজেলার পুরাতন বাসস্ট্যান্ড থেকে আলমপুর মোড় পর্যন্ত এলাকা ব্যতীত সমগ্র সদর উপজেলা ও মুজিবনগর উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| | | মেহেরপুর সার্কেল-২ | গাংনী উপজেলার ভৌগলিক ও প্রশাসনিক এলাকা এবং মেহেরপুর সদর উপজেলার পুরাতন বাসস্ট্যান্ড থেকে আলমপুর মোড় পর্যন্ত সকলভৌগলিক ও প্রশাসনিক এলাকা | |
| ১১. | শুল্ক স্টেশন, দর্শনা | - | দর্শনা শুল্ক স্টেশনের অধিক্ষেত্রভূক্ত এলাকাসমূহ (জয়নগর চেকপোস্টসহ) | |
| ১২. | দৌলতগঞ্জ এলসি স্টেশন, জীবননগর | - | দৌলতগঞ্জ-মাজদিয়া রোড, জীবননগর, মেহেরপুর | |

০২। বিগত ২১/১২/১১ তারিখে এ দপ্তরের নথি নং-২য়/৪(১)ইটি/লোকবল/২০০৬/৫৭৫ এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা রহিত করা হলো।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারী মুদ্রাণলয়
তেজগাঁও, ঢাকা।

মোঃ শওকাত হোসেন
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন নং-০৪২১-৬৮৪৩৪

নথি নং-২য়/২২(১৭)ইটি/অফিস আদেশ/২০১১(অংশ-১)/১৫/ তারিখঃ ১৫/৭/২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩-১০। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)/(বোর্ড প্রশাসন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)/(শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

১১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

১২। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা ঢাকা।

১৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা ঢাকা।

১৪। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।

১৫-১৬। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

১৭-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা/ ঢাকা (দক্ষিণ), ঢাকা/ ঢাকা (পূর্ব), ঢাকা/ ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বৃহৎ করদাতা ইউনিট মূল্য সংযোজন কর, ঢাকা।

২৯-৩০। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

৩১-৩৫। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।

৩৬-৪১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা, খুলনা/আইসিডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, ঢাকা।

৪২। দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-২), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৪৩-৫২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর, যশোর/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/ঝিনাইদহ/মাগুরা/ফরিদপুর/রাজবাড়ী/নড়াইল/গোপালগঞ্জ।

৫৩। উপ কমিশনার, স্থল শুল্ক স্টেশন, দর্শনা।

মোঃ শওকাত হোসেন
কমিশনার (চলতি দায়িত্ব)